রাজস্বের প্রবৃদ্ধি | টেকসই সমৃদ্ধি

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, ঢাকা (উত্তর)
বাড়ী নং-২১, রোড নং-২৭, সেক্টর নং-০৭, উত্তরা, ঢাকা-১২৩০।
ওয়েবসাইট: www.dknvat.gov.bd

নথি নং-ঢাকা উত্তর/মূসক-বাস্তঃ(৩৪৫)/পানামা কম্পোজিট/অব্যাহতি/২০২১ তারিখ: /২০২১ খ্রিঃ।

## আদেশ

অর্থ মন্ত্রণালয়, অভ্যন্তরীণ সম্পদ বিভাগ (মূল্য সংযোজন কর) এর প্রজ্ঞাপন এস.আর.ও নং-১৮৮-আইন/২০১৯/৪৫-মূসক, তারিখ-১৩/০৬/২০১৯ খ্রিঃ এবং জাতীয় রাজস্ব বোর্ডের সাধারণ আদেশ নং-২০/মূসক/২০১৯, তাং-২৬/০৯/২০১৯ খ্রিঃ অনুযায়ী **পানামা কম্পোজিট টেক্সটাইল মিলস লিঃ, মেম্বারবাড়ী, ভবানীপুর, গাজীপুর সদর, গাজীপুর (মূসক নিবন্ধন নম্বর-০০০২৭৪১০৫-০১০৩)** নামক প্রতিষ্ঠানটি ১০০% প্রচ্ছন্ন রপ্তানীকারক শিল্প প্রতিষ্ঠান হিসেবে, তাঁদের প্রতিষ্ঠানে রপ্তানী কাজে ব্যবহৃত বিদ্যুৎ, যোগানদার, সিকিউরিটি সার্ভিস, পরিবহন ঠিকাদার, যানবাহন ভাড়া প্রদানকারী, বন্দর, ফ্রেইট ফরোয়ার্ডার্স, ক্লিয়ারিং ও ফরোয়ার্ডিং সংস্থা, বীমা কোম্পানি ও শিপিং এজেন্ট বিলের উপর নির্ধারিত হারে মূল্য সংযোজন কর (মূসক) অব্যাহতি চেয়ে ০৯/০৮/২০২১ খ্রিঃ তারিখ এ দপ্তরে আবেদন করেন। উক্ত আবেদনের প্রেক্ষিতে জনাব মুহাম্মদ মাহফুজ আলম, সহকারী কমিশনার; জনাব জনি চক্রবর্তী রাজস্ব কর্মকর্তা এবং জনাব মোহাম্মদ শাখাওয়াত হোসেন, সহকারী রাজস্ব কর্মকর্তা এর সমন্বয়ে একটি তদন্ত কমিটি গঠন করা হয়। গঠিত কমিটি আবেদনকৃত সেবাসমূহের বিপরীতে নির্ধারিত হারে মূসক অব্যাহতি দেয়া যেতে পারে মর্মে অভিমত প্রদান করেছেন।

০২। উল্লেখ্য, বর্ণিত এস.আর.ও এর টেবিল-২ ও টেবিল-৩ এ বর্ণিত সেবাসমূহ যথা- বিদ্যুৎ, বন্দর, ফ্রেইট ফরোয়ার্ডার্স, ক্লিয়ারিং ও ফরোয়ার্ডিং সংস্থা, বীমা কোম্পানি ও শিপিং এজেন্ট বিলের উপর মূসক অব্যাহতির বিষয়ে জাতীয় রাজস্ব বোর্ডের পত্র নং-০৮.০১.০০০০.০৬৮.২৫.০০৭.১৫/২৬৭, তারিখ: ২৮/০৭/২০২০ খ্রিঃ পর্যালোচনায় দেখা যায়, জাতীয় রাজস্ব বোর্ড, সাধারণ আদেশ নং-২০/মূসক/২০১৯, তাং-২৬/০৯/২০১৯ খ্রিঃ এর অনুচ্ছেদ (১) ও (২) অনুযায়ী আবেদনকারী যে কমিশনারেটে নিবন্ধিত সে কমিশনারেটের কমিশনার অনুচ্ছেদ-(১) ও (২) এ বর্ণিত তথ্যাদি যাচাইপূর্বক অব্যাহতি সুবিধা প্রদান করবেন মর্মে নির্দেশনা প্রদান করা হয়।

০৩। জাতীয় রাজস্ব বোর্ডের উক্ত পত্রের নির্দেশনা, তদন্ত কমিটির সুপারিশ, প্রজ্ঞাপন এবং সাধারণ আদেশ অনুযায়ী **পানামা কম্পোজিট টেক্সটাইল মিলস লিঃ, মেম্বারবাড়ী, ভবানীপুর, গাজীপুর সদর, গাজীপুর (মূসক নিবন্ধন নম্বর-০০০২৭৪১০৫-০১০৩)** নামক প্রতিষ্ঠানের অনুকূলে নিম্নোক্ত টেবিলে বর্ণিত সেবার ক্ষেত্রে প্রযোজ্য মূল্য সংযোজন কর (মূসক) অনুচ্ছেদ-০৪ এ বর্ণিত শর্ত সাপেক্ষে অব্যাহতি প্রদান করা হলোঃ-

টেবিল-১

| শিরোনামা সংখ্যা | সামঞ্জস্যপূর্ণ নামকরণ কোড | পণ্য/সেবার বিবরণ | মিটার নম্বর | গ্রাহক সংকেত নম্বর | মূল্য সংযোজন কর (মূসক) অব্যাহতির হার |
|---|---|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) | (৫) | (৬) |
| S057 | S057.00 | বিদ্যুৎ বিতরণকারী | ১৭৩৯৯৮০৩ | ০৬-২৪০-১৬৭০ | ১০০% |

টেবিল-২

| (১) শিরোনামা সংখ্যা | (২) সেবার কোড | (৩) সেবার নাম | (৪) মূল্য সংযোজন কর (মূসক) অব্যাহতির হার |
|---|---|---|---|
| S০০৫ | S০০৫.২০ | বন্দর | ১০০% |
| S০০১৫ | S০১৫.১০ | ফ্রেইট ফরোয়ার্ডার্স | ১০০% |
| | S০১৫.২০ | ক্লিয়ারিং ও ফরোয়ার্ডিং সংস্থা | ১০০% |
| S০০২৭ | S০২৭.০০ | বীমা কোম্পানি | ১০০% |
| S০০৩৫ | S০৩৫.০০ | শিপিং এজেন্ট | ১০০% |

৪। শর্তসমূহ

ক. মূসক অব্যাহতির সুবিধাভোগী প্রতিষ্ঠান প্রতি কর মেয়াদের মূসক দাখিলপত্রের (ফরম মূসক-৯.১) সাথে এইরূপে অব্যাহতি প্রদত্ত মূসক সংশ্লিষ্ট তথ্য পরিশিষ্ট-ক এ বর্ণিত ছকে বৈদেশিক মুদ্রা প্রত্যাবাসনের প্রমাণপত্র Proceeds Realization Certificate (PRC) সহ কর মেয়াদ পরবর্তী মাসের ১৫ তারিখের মধ্যে স্থানীয় মূল্য সংযোজন কর কার্যালয়ে প্রেরণ করবে।

(চলমান পাতা-২-)

খ. স্থানীয় মূল্য সংযোজন কর কার্যালয় প্রতি মাসে এইরূপ সুবিধাভোগী প্রতিষ্ঠানের তথ্য বিবরণী পরিশিষ্ট-খ এ বর্ণিত ছকে মূল্য সংযোজন কর, বিভাগীয় কার্যালয়ে প্রেরণ করবেন।

গ. বিভাগীয় কর্মকর্তা, মূল্য সংযোজন কর, উক্তরূপ মূসক অব্যাহতি সুবিধাভোগী প্রতিষ্ঠানের ক্ষেত্রে তথ্য যাচাইপূর্বক বৈদেশিক মুদ্রা প্রত্যাবাসন বিষয়ে বা অন্য কোন বিষয়ে অসামঞ্জস্যতা পেলে উক্ত অসামঞ্জস্যতা এর বিষয়ে কারণ দর্শানো নোটিশ ও যথাযথ শুনানীর সুযোগ প্রদানপূর্বক প্রযোজ্য ক্ষেত্রে কমিশনারের নিকট অব্যাহতির সুবিধা বাতিলের সুপারিশ করলে কমিশনার প্রয়োজনে শুনানী গ্রহণপূর্বক তা বাতিল করতে পারবেন।

ঘ. টেবিলে বর্ণিত সেবার ক্ষেত্রে বা অত্র আদেশে বর্ণিত কোন শর্তের ব্যত্যয় ঘটলে এ দপ্তরকে অবিলম্বে তা অবহিত করে সংশোধনী আদেশ গ্রহণ করতে হবে; এবং

ঙ. এ আদেশ **অক্টোবর, ২০২১ খ্রিঃ** মাসের বিল হতে কার্যকর হবে এবং পরবর্তী নির্দেশ না দেয়া পর্যন্ত বলবৎ থাকবে।

**স্বাক্ষরিত/-**
ফারজানা আফরোজ
কমিশনার
ফোন: ০২-৪৮৯৫৮১১৫
ই-মেইল: commdkn@gmail.com

নথি নং-ঢাকা উত্তর/মূসক-বাস্তঃ(৩৪৫)/পানামা কম্পোজিট/অব্যাহতি/২০২১/ ৪২৯০(১১) তারিখ: ২৮/১০/২০২১ খ্রিঃ।

**অনুলিপি অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হলো ঃ**

১। কমিশনার, কাস্টম হাউস, ঢাকা/চট্টগ্রাম/বেনাপোল/মোংলা/পানগাঁও/আইসিডি, কমলাপুর।
২। কমিশনার, কাস্টমস বন্ড কমিশনারেট, ঢাকা/চট্টগ্রাম।
৩। মহাপরিচালক, শুল্ক রেয়াত ও প্রত্যর্পণ পরিদপ্তর, ৩২, তোপখানা রোড, চট্টগ্রাম সমিতি ভবন, ঢাকা।
৪। পরিচালক (পরিবহন), বন্দর কর্তৃপক্ষ, ঢাকা/চট্টগ্রাম/বেনাপোল/মোংলা/পানগাঁও/আইসিডি, কমলাপুর ।
৫। বিভাগীয় কর্মকর্তা, কাস্টমস্, এক্সাইজ ও ভ্যাট, গাজীপুর বিভাগ। জাতীয় রাজস্ব বোর্ডের সাধারণ আদেশ নং- ২০/মূসক/২০১৯, তারিখ-২৬/০৯/২০১৯ খ্রিঃ এর অনুচ্ছেদ নং-৩, ৪ ও ৫ মোতাবেক কার্যক্রম গ্রহণের জন্য এবং নির্দেশ অনুযায়ী প্রতি মাসের একটি সমন্বিত প্রতিবেদন পরবর্তী মাসের ১৫ (পনের) তারিখের মধ্যে এ দপ্তরে প্রেরণ করার জন্য অনুরোধ করা হলো। একই সাথে প্রতিষ্ঠানটির কার্যক্রমের প্রতি বিশেষ নজর রাখার জন্য বলা হলো।
৬। দ্বিতীয় সচিব (মূসক পরিঃ ও প্রত্যর্পন), জাতীয় রাজস্ব বোর্ড, রাজস্ব ভবন, সেগুনবাগিচা, ঢাকা।
৭। চেয়ারম্যান, বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড, নিকুঞ্জ-২, জোয়ার সাহারা, খিলক্ষেত, ঢাকা-১২২৯।
৮। জেনারেল ম্যানেজার/ডেপুটি জেনারেল ম্যানেজার/ম্যানেজার, গাজীপুর পল্লী বিদ্যুৎ সমিতি-২, সদর দপ্তর।
৯। সহকারী প্রোগ্রামার, কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, ঢাকা (উত্তর), ঢাকা (তাঁকে ওয়েবসাইটে আপলোড করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য বলা হলো)।
১০। রাজস্ব কর্মকর্তা, কাস্টমস্, এক্সাইজ ও ভ্যাট, গাজীপুর সার্কেল-০১। তাঁকে প্রতিষ্ঠানটির রপ্তানী কার্যক্রম মনিটরিং করে প্রতিবেদন যথাসময়ে বিভাগীয় দপ্তরে প্রেরণ করার জন্য অনুরোধ করা হলো। প্রয়োজনীয় মনিটরিং এর ব্যর্থতার জন্য রাজস্ব কর্মকর্তা ও এলাকা কর্মকর্তা দায়ী থাকবেন।
১১। ব্যবস্থাপনা পরিচালক, **পানামা কম্পোজিট টেক্সটাইল মিলস লিঃ, মেম্বারবাড়ী, ভবানীপুর, গাজীপুর সদর, গাজীপুর (মূসক নিবন্ধন নম্বর-০০০২৭৪১০৫-০১০৩)।**

২৮/১০/২১

**ড. মোহাম্মদ তাজুল ইসলাম**
অতিরিক্ত কমিশনার